গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন শাখা-১
www.ssd.gov.bd

নং - ৫৮.০০.০০০০.০৪০.০১.০০৩.১৬- ৯৮

তারিখ ০১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ / ১৫ জানুয়ারী ২০২০ খ্রিষ্টাব্দ।

## পরিপত্র

বিষয় : বাংলাদেশে আধুনিক প্রযুক্তি নির্ভর ই-গেইট স্থাপন এবং ইমিগ্রেশন এর অংশ হিসেবে ই-গেইট ব্যবহারবিধি প্রণয়ন প্রসঙ্গে।

বাংলাদেশী পাসপোর্টের আধুনিকায়ন এবং নিরাপত্তা অধিকতর নিশ্চিতকরণসহ বিদেশ ভ্রমণ ও ইমিগ্রেশন প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক আধুনিক প্রযুক্তি নির্ভর ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার কন্ট্রোল ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। এ পদ্ধতি বাস্তবায়নের অংশ হিসেবে বিমানবন্দরে ইমিগ্রেশন পয়েন্টে ই-গেইট স্থাপন করা হয়েছে। ইমিগ্রেশন পয়েন্টে ই-গেইট স্থাপনের মূল উদ্দেশ্য হচ্ছে যাত্রীদের ইমিগ্রেশন কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করা। বাংলাদেশী ই-পাসপোর্টধারি ব্যক্তিগণ ই-গেইট ব্যবহার করতে পারবে। ই-গেইট ব্যবহারের জন্য নিম্নক্তোভাবে ব্যবহারবিধি প্রণয়ন করা হলো:

১) বাংলাদেশী ই-পাসপোর্টধারি নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ ই-গেইট ব্যবহার করে ইমিগ্রেশন কার্যক্রম সম্পন্ন করতে পারবে:

- কুটনৈতিক ই-পাসপোর্টধারি ব্যক্তিগণ;
- অফিসিয়াল ই-পাসপোর্টধারি সরকারি কর্মকর্তাগণ;
- বানিজ্যিক গুরুত্বপূর্ণ এবং সেরা করদাতা কার্ডপ্রাপ্ত ই-পাসপোর্টধারি ব্যক্তিগণ;
- বাংলাদেশী ই-পাসপোর্টধারি পাইলট ও ক্রুগণ;

২) এয়ারলাইনস কর্তৃক যাত্রীর ব্যাগেজ, টিকেট এবং পাসপোর্ট চেকিং সম্পন্নের পর ই-গেইট ব্যবহার করতে হবে;

৩) যাত্রীর ফ্লাইটের তথ্য, শেষ গন্তব্যস্থান, যাত্রা শুরুর স্থান, ভ্রমণের উদ্দেশ্য ও ভিসার তথ্য অবশ্যই ইমিগ্রেশন ম্যানেজমেন্ট সিস্টেম ডাটাবেজে সংরক্ষিত তথ্যের সাথে ই-গেইট সিষ্টেমে সংরক্ষিত তথ্য যাচাই করতে হবে।

৪) বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশের যাত্রীগণ প্রাথমিকভাবে ই-গেইট ব্যবহার করতে পারবে না।

(মোঃ মুনিম হাসান)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪৫২০
immi1@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব ..............................মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সচিব ..................................মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৬। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/এনএসআই/ডিজিএফআই।
৮। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক (ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২-৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সংস্থা/দপ্তরসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭-৮। প্রোগ্রামার, আইসিটি সেল ,জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।